



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

তারিখ: ০৫-০২-২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রাক্তন প্রশিক্ষক জনাব জেমি ডে এর বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত বিষয়ে ফিফার যে নির্দেশনা রয়েছে সেই নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্ণিত বেতন ভাতা বাফুফে কর্তৃক পরিশোধ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তার অপরিশোধিত বেতন ভাতা পরিশোধের জন্য ইতিমধ্যেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদের সাথে কাজ চলমান রয়েছে। বাফুফে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংকের অনুমতি সাপেক্ষে খুবই দ্রুত উক্ত টাকা পরিশোধ করবে।

এছাড়াও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে আমরা এই ব্যাপারে নিশ্চিত করতে চাই যে, ফিফা কর্তৃক প্রেরিত সকল ফান্ড আমরা পেয়ে যাচ্ছি। এমনকি চলতি মাস অর্থাৎ জানুয়ারি মাসেরও সকল ফিফা ফান্ড আমরা গ্রহণ করেছি।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।